দৈনিক ইত্তেফাক

145

তারিখ ... NOV 13 1999
পৃঃ ১ কলাম ৬

## বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন দুইদিন অথবা দুইভাগে করার প্রস্তাব

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ গতকাল (শুক্রবার) ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ, কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে সিনেটের এক সভায় ৪০তম সমাবর্তন লইয়া আলোচনাকালে সিনেট সদস্যবৃন্দ ইহাকে দুইদিন করার পরামর্শ দেন। প্রথম বিশেষ সমাবর্তনের দিনে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

(প্রথম পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সমাবর্তনের প্রধান অতিথি নোবেল বিজয়ী অমর্ত্য সেনকে সম্মানসূচক ডক্টরেট দেওয়া হইবে এবং দ্বিতীয় দিন সবার জন্য সাধারণ সমাবর্তন হইবে। এ প্রসঙ্গে ভিসি আজাদ চৌধুরী বলেন, দুইদিনে না হইলেও সমাবর্তনকে দুইটি অংশে ভাগ করা যাইতে পারে। উল্লেখ্য, স্বাধীনতা উত্তর বাংলাদেশে এই প্রথমবারের মত সাধারণ সমাবর্তন হইতেছে। সিনেট অধিবেশন বৎসরে একবার বসিলেও ভাইস চ্যান্সেলর সমাবর্তন উপলক্ষে সিনেটরদের মতামত গ্রহণের জন্য গতকাল এই সভা ডাকেন। সভায় সৈয়দ বদরুদ্দিন হোসেন, এ্যাডভোকেট সৈয়দ আহমদ, অধ্যাপক আক্তারুজ্জামান, শ, ম ইনামুল হক, প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক শাহাদাত আলী প্রমুখ বক্তব্য রাখেন। আগামী ১৮ ডিসেম্বর অনুষ্ঠিতব্য সমাবর্তন অনুষ্ঠানটি বাংলা এবং ইংরেজী দুইটি ভাষায় পরিচালিত হইবে বলিয়াও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।